

নম্বর: ৩১.০০.০০০০.০০০.০৭৫.৯০.০০০১.২৪.৩১

তারিখ: ১৫ বৈশাখ ১৪৩২ বঙ্গাব্দ
২৮ এপ্রিল ২০২৫ খ্রিস্টাব্দ

পরিপত্র

বিষয়: ভূমি মন্ত্রণালয়ের ভূমিসেবা সিস্টেম ব্যবহারের জন্য নিরাপত্তা নির্দেশিকা।

ভূমি মন্ত্রণালয়ের ওয়েব-ভিত্তিক ভূমিসেবা সিস্টেম (www.land.gov.bd) ভূমি সংক্রান্ত সরকারি সেবা প্রক্রিয়াকরণের জন্য তৈরি/ডিজাইন করা হয়েছে, যা সরকারি ক্লাউড সার্ভারে হোস্ট করা রয়েছে। নাগরিকগণ এ সংক্রান্ত সেবা পাবলিক ইন্টারনেট ব্যবহারপূর্বক গ্রহণ করে থাকেন। তবে, সাইবার হামলাকারীরা এই সিস্টেমে অননুমোদিত প্রবেশের চেষ্টা করতে পারে, যা গুরুত্বপূর্ণ তথ্য ব্যবস্থাপনার ক্ষেত্রে নিরাপত্তার জন্য ঝুঁকি তৈরি করছে। ভূমিসেবার জন্য ব্যবহৃত কম্পিউটার/ডিভাইস যদি সঠিকভাবে সুরক্ষিত না থাকে বা আপডেটেড অ্যান্টিভাইরাস সফটওয়্যার ব্যবহার না করা হয়, তবে এই ঝুঁকি আরও বাড়তে পারে।

এ ধরনের ঝুঁকি এড়াতে এবং আপনার তথ্যের নিরাপত্তা নিশ্চিত করতে নিম্নলিখিত নির্দেশনা অনুসরণ করার পরামর্শ দেয়া হচ্ছে:

১. ব্রাউজারের ব্যবহার:

ক) ভূমিসেবা অ্যাপ্লিকেশনের জন্য একটি আলাদা ব্রাউজার ব্যবহার নিশ্চিত করুন। অন্য যেকোনো ব্যক্তিগত বা সাধারণ কাজের জন্য এ ব্রাউজারটি ব্যবহার পরিহার করবেন।

উদাহরণস্বরূপ: ভূমিসেবা অ্যাপ্লিকেশনের জন্য গুগল ক্রোম (Google Chrome) / মজিলা ফায়ারফক্স (Mozilla Firefox) / মাইক্রোসফট এজ (Microsoft Edge) / ডাকডাকগো (DuckDuckGo) ইত্যাদি ব্রাউজার ব্যবহার করা যায়। ভূমিসেবা অ্যাপ্লিকেশনের জন্য যদি গুগল ক্রোম (Google Chrome) ব্যবহার করা হয়, তবে ব্যক্তিগত বা সাধারণ কাজের জন্য ফায়ারফক্স (Mozilla Firefox) বা অন্য কোনো ব্রাউজার ব্যবহার করতে পারেন।

খ) ভূমিসেবা অ্যাপ্লিকেশনের জন্য আলাদা ব্রাউজার ব্যবহার করতে না চাইলে প্রাইভেট মোড (Private mode) বা ইনকগনিটো মোড (Incognito mode)-এ ব্রাউজার ব্যবহার নিশ্চিত করুন। কারণ এ ধরনের মোডে ব্রাউজ করলে ব্রাউজিং ইতিহাস ও তথ্য কুকিজ (Cookies) বা অন্য কোথাও সংরক্ষিত হয় না, যা তথ্য নিরাপত্তার ঝুঁকি কমায়।

প্রাইভেট মোড বা ইনকগনিটো মোড চালুর পদ্ধতি:

গুগল ক্রোম: "Ctrl + Shift + N" চাপুন বা মেনু থেকে "New Incognito Window" বেছে নিন।

মজিলা ফায়ারফক্স: "Ctrl + Shift + P" চাপুন বা মেনু থেকে "New Private Window" বেছে নিন।

মাইক্রোসফট এজ: "Ctrl + Shift + N" চাপুন বা মেনু থেকে "New InPrivate Window" বেছে নিন।

২. পাসওয়ার্ড ব্যবহার:

ক) পাসওয়ার্ডে নিজের/পরিবারের কারও নাম বা জন্ম তারিখ বা জন্ম সাল এবং টেলিফোন/মোবাইল নম্বর ব্যবহার করা হতে বিরত থাকুন;

- খ) একাধিক পরিষেবা/ওয়েবসাইট/অ্যাপে একই পাসওয়ার্ড ব্যবহার পরিহার করুন;
- গ) ব্রাউজারে পাসওয়ার্ড সংরক্ষণ করা পরিহার করুন;
- ঘ) পাসওয়ার্ড বা পাসফ্রেজ গোপন রাখুন এবং অন্যদের সাথে পাসওয়ার্ড বা পাসফ্রেজ শেয়ার করা হতে বিরত থাকুন;
- ঙ) যে কোন অরক্ষিত স্থানে পাসওয়ার্ড লেখা হতে বিরত থাকুন;
- চ) নিয়মিতভাবে ৪৫ হতে ৯০ দিনের মধ্যে পাসওয়ার্ড পরিবর্তনকে উৎসাহিত করা হলো;

৩. অতিরিক্ত নিরাপত্তা টিপস:

- ক) নিয়মিতভাবে অ্যান্টিভাইরাস সফটওয়্যার আপডেট রাখুন;
- খ) পেনড্রাইভ / পোর্টেবল ডিভাইস ব্যবহারের পূর্বে অ্যান্টিভাইরাস সফটওয়্যার ব্যবহারপূর্বক ভাইরাস স্ক্যান করুন;
- গ) প্রয়োজনীয় ফাইল এবং তথ্য-উপাত্ত সেকেন্ডারি ড্রাইভে সংরক্ষণ করুন (যেমন: d:\ অথবা e:\ ইত্যাদি);
- ঘ) সন্দেহজনক যেকোন লিঙ্ক এড়িয়ে চলুন (যেমন: tinyurl.com/ab534/);
- ঙ) অপ্রত্যাশিত/ সন্দেহজনক ইমেইল খোলা/জবাব প্রদান করা হতে বিরত থাকুন;
- চ) অপ্রয়োজনীয় সাইট এবং প্রাপ্তবয়স্কদের সাইট (Adult site) ব্রাউজ করা হতে বিরত থাকুন;
- ছ) স্বয়ংক্রিয়ভাবে আসা বিজ্ঞাপনগুলোতে ক্লিক করা হতে বিরত থাকুন;
- জ) অজানা বা সন্দেহজনক Add-Ons বা Browser Extensions (ছোট সফটওয়্যার প্লাগইন যা ব্রাউজারের কার্যকারিতা বৃদ্ধিতে ব্যবহৃত হয়) ইনস্টল করা হতে বিরত থাকুন;
- ঝ) সিস্টেম/এপ্লিকেশনের কাজ শেষ হলে অবশ্যই লগআউট/সাইনআউট করুন;
- ঞ) অফিস ত্যাগের পূর্বে কম্পিউটার এবং ব্যবহৃত ডিভাইস সঠিকভাবে বন্ধ করুন;
- ট) যেকোনো সমস্যায় পতিত হলে সাহায্যের জন্য অথবা প্রশ্ন থাকলে সাপোর্ট টিমের সাথে যোগাযোগ করুন।

৪। জনস্বার্থে জারীকৃত এ নির্দেশনাগুলো মেনে চলার জন্য সকল ভূমিসেবা সিস্টেম ব্যবহারকারীদের নির্দেশক্রমে অনুরোধ করা হলো।



২৮-০৪-২০২৫
সেলিম আহমদ
উপসচিব

lsdmc@minland.gov.bd

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। চেয়ারম্যান, চেয়ারম্যান এর দপ্তর, ভূমি সংস্কার বোর্ড।
- ২। চেয়ারম্যান, চেয়ারম্যানের দপ্তর, ভূমি আপীল বোর্ড।
- ৩। মহাপরিচালক (গ্রেড-১), মহাপরিচালক-এর দপ্তর, ভূমি রেকর্ড ও জরিপ অধিদপ্তর।
- ৪। বিভাগীয় কমিশনার (সকল)।
- ৫। প্রকল্প পরিচালক (যুগ্মসচিব), ভূমি ব্যবস্থাপনা অটোমেশন প্রকল্প, ভূমি মন্ত্রণালয়।
- ৬। পরিচালক, ভূমি প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্র।
- ৭। জেলা প্রশাসক (সকল), ।
- ৮। সিস্টেম এনালিস্ট, সিকিউরিটি, অডিট ও কোয়ালিটি কন্ট্রোল (এসএকিউ), ভূমি মন্ত্রণালয় (ওয়েবসাইট হালনাগাদের অনুরোধসহ)।
- ৯। উপজেলা নির্বাহী কর্মকর্তা (সকল), ।

১০। সহকারী কমিশনার (ভূমি) (সকল)।

১১। সচিবের একান্ত সচিব (সিনিয়র সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য), .।



Ash

২৮-০৪-২০২৫

সেলিম আহমদ

উপসচিব